দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

105

তারিখ 08 AUG 1989
পৃষ্ঠা 5 কলাম 6

# ময়মনসিংহের প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা হ্রাস পাচ্ছে

।। মোঃ জিল্লুর রহমান ।।

ময়মনসিংহ, ৭ই আগষ্ট।—ময়মনসিংহ জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা বর্তমানে চরম সংকটের সম্মুখীন হয়ে দাঁড়িয়েছে। অধিকাংশ বিদ্যালয়ের গৃহ জরাজীর্ণ, আসবাবপত্রের অপ্রতুলতা, শিক্ষা উপকরণের অভাব এবং প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাব রয়েছে। যার ফলে জেলার প্রাথমিক শিক্ষা নানাভাবে ব্যাহত হচ্ছে। এছাড়া বই, খাতা, কাগজ,, কালি, কলমসহ শিক্ষা উপকরণের অতিরিক্ত মূল্যবৃদ্ধি, অভিভাবকদের আর্থিক সংকট থাকায় জেলার প্রাথমিক বিদ্যালয়গুলি হতে দিনের পর দিন ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে।

জেলার ১২টি উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ১ হাজার ৫ শ' ১০টি। তন্মধ্যে ১ হাজার ২শ' ৪২টি সরকারী এবং ২ শ' ৬৮টি বেসরকারী। এরমধ্যে ১শ' ৮১টি প্রাথমিক বিদ্যালয় রেজিষ্টীপ্রাপ্ত। বেসরকারী প্রাথমিক বিদ্যালয়গুলি স্থানীয় জনসাধারণের চাঁদা ও প্রচেষ্টায় গড়ে উঠেছে। জেলায় ২৫৪টি শিক্ষকের পদ দীর্ঘদিন

(৬-এর পাতায় দেখুন)



ময়মনসিংহ শহরে প্রশাসনের নাকের ডগার উপরে একটি প্রাথমিক বিদ্যালয়ের করুণ চিত্র। মাটিতে বসে লেখাপড়া করছে ছাত্ররা। স্কুলটির নাম পুরোহিতপাড়া রোডস্থ সেহড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়। —সংবাদ